


যুগান্তর

১৫ শিক্ষার্থীর ভর্তি হতে না পারা প্রসঙ্গে খুবির বক্তব্য

প্রকাশ : ২০ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 খুলনা ব্যুরো

১৭ নভেম্বর খুলনা প্রেস ক্লাবে কয়েকজন ভর্তিচ্ছু শিক্ষার্থী এক সংবাদ সম্মেলনে জানায়, ১৪ নভেম্বর বিষয় পছন্দক্রমের শেষ দিন ঘূর্ণিঝড়ের কারণে ফরম পূরণ করতে না পারায় খুবিতে প্রথম বর্ষে ১৫ শিক্ষার্থী ভর্তি হতে পারছে না বলে যে তথ্য উল্লেখ করেছে তা সঠিক নয় বলে দাবি করেছে খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ ও প্রকাশনা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) এসএম আতিয়ার রহমান স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে মঙ্গলবার বলা হয়, পছন্দক্রমের সময়সীমা নির্ধারণের তারিখ ছিল ৮ থেকে ১৪ নভেম্বর মোট ৭ দিন, যা আগেই সব ইউনিটের প্রসপেক্টাস ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেয়া হয়। কোনো কারণে ভর্তিচ্ছুরা পছন্দক্রম পূরণে সমস্যার মুখোমুখি হয়ে থাকলে ভর্তি সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয়ে সর্বদা চালু থাকা ৫টি হটলাইনে যোগাযোগের সুযোগ ছিল। কিন্তু এ বিষয়ে যথাসময়ে কেউ কোনো ধরনের যোগাযোগ করেনি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।